**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 27-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**১) প্রাক্তন প্রধানমন্ত্রী ডাঃ মনমোহন সিংয়ের শেষ যাত্রা আগামীকাল সকাল সাড়ে ন'টায় নতুনদিল্লিতে কংগ্রেস সদর দফতর থেকে শুরু হবে ।**

**২) কেন্দ্রীয় খাদ্য, গনবন্টন, ভোক্তা বিষয়ক, এবং নবীন ও পুনর্নবীকরন শক্তি মন্ত্রী প্রহ্লাদ যোশী দুদিনের রাজ্য সফরে আগামীকাল আগরতলায় আসবেন ।**

**৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ চাষের ক্ষেত্রে কম জল এবং কীটনাশক ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করেছেন ।**

**৪) মৎস্য, তপশিলি জাতি কল্যাণ ও প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাসের পৌরাহিত্যে আজ বিলোনিয়া সার্কিট হাউসে দক্ষিণ জেলাভিত্তিক কাজকর্মের পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয় ।**

****************************************

**Congress, Dr. Manmohan :**

প্রাক্তন প্রধানমন্ত্রী ডাঃ মনমোহন সিংয়ের শেষ যাত্রা আগামীকাল সকাল সাড়ে ন'টায় নতুনদিল্লিতে কংগ্রেস সদর দফতর থেকে শুরু হবে। সামাজিক মাধ্যমে কংগ্রেসের সাধারণ সম্পাদক কেসি বেনুগোপাল বলেছেন প্রাক্তন প্রধানমন্ত্রীর মরদেহ আজ জাতীয় রাজধানীতে তাঁর বাসভবনে থাকবে। আগামীকাল সকালে তাঁর মরদেহ কংগ্রেস সদর দপ্তরে নিয়ে যাওয়া হবে এবং জনসাধারণ

এবং দলীয় কর্মীরা সেখানেও তাঁকে শ্রদ্ধা জানানোর সুযোগ পাবেন।

*********************************

**Dr.Manmohan Singh :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রাক্তন প্রধানমন্ত্রী ডঃ মনমোহন সিংকে আজ নতুন দিল্লিতে তাঁর বাসভবনে গিয়ে শ্রদ্ধা জানিয়েছেন। একটি ভিডিও বার্তায়, প্রধানমন্ত্রী বলেন, প্রাক্তন প্রধানমন্ত্রী ডঃ মনমোহন সিংয়ের মৃত্যুতে দেশ গভীরভাবে শোকাহত।

##########Byte##########

কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ, জেপি নাড্ডা, রাজনাথ সিং, জ্যোতিরাদিত্য সিন্ধিয়া এবং প্রাক্তন কংগ্রেস সভাপতি সোনিয়া গান্ধী, লোকসভার বিরোধীদল নেতা রাহুল গান্ধী, কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে সহ অন্যান্য নেতারাও প্রাক্তন প্রধানমন্ত্রীর বাসভবনে গিয়ে তাঁকে শ্রদ্ধা জানান। প্রাক্তন রাষ্ট্রপতি রাম নাথ কোবিন্দও তাঁকে শ্রদ্ধা জানান।

কেন্দ্রীয় মন্ত্রী শিবরাজ সিং চৌহান, মনোহর লাল খট্টর, সমাজবাদী পার্টির সভাপতি অখিলেশ যাদব, জম্মু ও কাশ্মীরের প্রাক্তন মুখ্যমন্ত্রী এবং ন্যাশনাল কনফারেন্সের সভাপতি ফারুক আবদুল্লাহ মনমোহন সিং-এর মৃত্যুতে শোক প্রকাশ করেছেন। সিপিআই(এম) এর পলিট ব্যুরোর পক্ষ থেকেও ড. মনমোহন সিং-এর মৃত্যুতে শোক প্রকাশ করা হয়েছে।

কেন্দ্রীয় মন্ত্রিসভা আজ প্রাক্তন প্রধানমন্ত্রী ডঃ মনমোহন সিংয়ের মৃত্যুতে শোক প্রকাশ করে বলেছে যে তাঁর মৃত্যুতে দেশ একজন বিশিষ্ট রাষ্ট্রনায়ক, প্রখ্যাত অর্থনীতিবিদ এবং বিশিষ্ট নেতাকে হারিয়েছে। মন্ত্রীসভা মনমোহন সিংয়ের স্মরণে একটি শোক প্রস্তাব গ্রহণ করে, দুই মিনিট নীরবতা পালন করে প্রয়াতের প্রতি শ্রদ্ধা নিবেদন করে।

এদিকে, জানানো হয়েছে যে ডাঃ মনমোহন সিংএর শেষকৃত্য রাষ্ট্রীয়ভাবে সম্পন্ন করা হবে। অন্ত্যেষ্টিক্রিয়ার দিন, আগামীকাল সমস্ত কেন্দ্রীয় সরকারী অফিস এবং কেন্দ্রীয় অধিগৃহীত প্রতিষ্ঠান গুলিতে অর্ধদিবস ছুটি ঘোষণা করা হয়েছে। ড: মনমোহন সিং-কে শ্রদ্ধা জানাতে দেশজুড়ে সাতদিনের রাষ্ট্রীয় শোক পালিত হচ্ছে।

**************************

**Dr. Manmohan-State :**

ড. মনমোহন সিং-এর প্রয়াণে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা গভীর শোক প্রকাশ করে এক শোকবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, বিশিষ্ট অর্থনীতিবিদ, দেশের প্রাক্তন অর্থমন্ত্রী ও পরবর্তী সময়ে প্রধানমন্ত্রী হিসেবে তিনি তাঁর দক্ষতার পরিচয় দিয়েছেন। দেশের অর্থনীতির উন্নয়নে তাঁর অবদান দেশবাসী দীর্ঘকাল স্মরণ করবে। তিনি বলেন, ড. মনমোহন সিং-এর প্রয়াণে দেশ একজন বিচক্ষণ, গুণী এবং সজ্জন রাজনীতিবিদকে হারালো।' মুখ্যমন্ত্রী প্রয়াতের বিদেহী আত্মার চিরশান্তি কামনা করেন এবং শোক সন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানান।

ড. মনমোহন সিং এর মৃত্যুতে স্ব-শাসিত জেলা পরিষদের চেয়ারম্যান জগদীশ দেববর্মা গভীর শোক প্রকাশ করেছেন। তিনি শোক সন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন। স্ব-শাসিত জেলা পরিষদের মুখ্য নির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়াও শোক প্রকাশ করেছেন। এক শোক বার্তায় তিনি বলেন, দেশ এক ব্যক্তিত্ব সম্পন্ন গুণী ব্যক্তিকে হারালো।

**************************

**Union Ministet Pralhad Joshi :**

কেন্দ্রীয় খাদ্য, গনবন্টন, ভোক্তা বিষয়ক, এবং নবীন ও পুনর্নবীকরন শক্তি মন্ত্রী প্রহ্লাদ যোশী দুদিনের রাজ্য সফরে আগামীকাল আগরতলায় আসবেন। আগামীকাল বিকেলে তিনি

আগরতলার কাছে নন্দননগরে ভারতীয় খাদ্য নিগমের কার্যালয়ে যাবেন। রাজ্য সরকারের খাদ্যগুদামও তাঁর পরিদর্শনের কথা রয়েছে। সন্ধ্যায় মহাকরনে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে কেন্দ্রীয় মন্ত্রী পর্যালোচনা বৈঠকে মিলিত হবেন। পরদিন রবিবার, ত্রিপুরা পুণর্নবীকরন শক্তি উন্নয়ন সংস্থা ট্রেডার কার্যসূচী পরিদর্শনে চড়িলামে যাবেন তিনি। তিনি স্থানীয় লোকজনদের সঙ্গে মতবিনিয়ম করবেন ও পরে মাতা ত্রিপুরেশ্বরী মন্দির দর্শনে উদয়পুর য়াবেন। রবিবারই তাঁর বেঙ্গালুরু ফিরে যাওয়ার কথা রয়েছে।

*******************************

**Review Meeting :**

মৎস্য, তপশিলি জাতি কল্যাণ ও প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস পৌরাহিত্যে আজ বিলোনিয়া সার্কিট হাউসে দক্ষিণ জেলায় এই তিন দপ্তরের কাজকর্মের পর্যালোচনা করেন। বৈঠকে বিধায়ক অশোক কুমার মিত্র, স্বপ্না মজুমদার ও মাইলাফ্রু মগ, দক্ষিণ জেলার জিলা সভাধিপতি দীপক দত্ত, সহকারী - সভাধিপতি তপন দেবনাথ, প্রাণী সম্পদ দপ্তরের অধিকর্তা নীরজ কুমার চঞ্চল, তপশিলি জাতি কল্যান দপ্তরের অধিকর্তা জয়ন্ত দে, জেলার পুর ও নগর পঞ্চায়েতের চেয়ারম্যানগন, পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানগন ও সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকরা উপস্থিত ছিলেন। সভায় ২০২৪-২৫ অর্থবর্ষে দক্ষিণ জেলায় দপ্তরের বাজেটের অর্থ ব্যয়, বিভিন্ন প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা করা হয়। মন্ত্রী সভায় জেলায় দুগ্ধ উৎপাদন বাড়াতে দপ্তরের আধিকারিকদের আরও আন্তরিক হওয়ার পরামর্শ দেন। মাছের উৎপাদন বাড়াতে জলাশয়গুলিকে সঠিকভাবে ব্যবহার করার পরামর্শ দেন তিনি।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**Amit Shah-Agri :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ বলেছেন যে ভারতীয় বীজ সহ্‌কারী সমিতি লিমিটেডের বীজ উৎপাদনে আরও বেশি মনোযোগ দেওয়া উচিত যাতে চাষের ক্ষেত্রে কম জল এবং কীটনাশক প্রয়োজন হয়। নতুনদিল্লিতে বিবিএসএসএল-এর একটি পর্যালোচনা সভায় সভাপতিত্ব করে তিনি বলেন, ক্ষুদ্র কৃষকদের সর্বোচ্চ সম্ভাব্য ফলন নিশ্চিত করার প্রচেষ্টা করা উচিত। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির "সহ্‌কার সে সমৃদ্ধি"-র স্বপ্ন বাস্তবায়নে এবং কৃষকদের ক্ষমতায়নে বিবিএসএসএল-এর গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এছাড়াও তিনি তিনি ভারতের ঐতিহ্যবাহী বীজ সংগ্রহ ও সংরক্ষণের উপর গুরুত্ব আরোপ করেন।

****************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে ডিসেম্বর রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-

এর ১১৭তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন আজ পর্যন্ত খোলা থাকবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

*************************

**Janasiskha Diwas, Belonia :**

ত্রিপুরা উপজাতি গনমুক্তি পরিষদের উদ্যোগে আজ ৮০তম জনশিক্ষা দিবস দক্ষিণ জেলাতেও পালিত হয়। বিলোনিয়া, রতনপুর, পাইখোলা ও ভাতখলার অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপিআইএম দক্ষিণ জেলা কমিটির সম্পাদক তাপস দত্ত, বিলোনিয়া মহকুমা সম্পাদক বিজয় তিলক, জিএমপি নেতা দীপক উঁচুই ও হরি ত্রিপুরা। ভাতখলার কর্মসূচিতে প্রাক্তন বিধায়ক সুধন দাস, জিএমপি নেতা গোপাল রিয়াং প্রমুখ উপস্থিত ছিলেন।

জেলার মনপাথরে বাজারে সংগঠনের পতাকা উত্তোলন করেন গনমুক্তি পরিষদের মহকুমা সম্পাদক পরীক্ষিত মুড়াসিং। মনপাথর বাজারে মিছিল শেষে আয়োজিত সভায় বক্তব্য রাখেন পরীক্ষিত মুড়াসিং ও বলরাম রিয়াং। সোনাইবাজারে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন প্রাক্তন বিধায়ক প্রভাত চৌধুরী, উঁচাথই মগ, অরুন ত্রিপুরা, অতীন ত্রিপুরা প্রমুখ। সভা শেষে বাজারে হয় মশাল মিছিল।

***************************

**Janasiksha Diwas :**

মেলারমাঠস্থিত সিপিআই(এম) রাজ্য দপ্তরে আজ ৮০তম জনশিক্ষা সমিতির প্রতিষ্ঠা দিবস পালন করা হয়। এ উপলক্ষ্যে

জনশিক্ষা আন্দোলনের প্রতিষ্ঠাতাদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন সিপিআই এম নেতা নারায়ণ কর, পবিত্র কর সহ অন্যান্য নেতৃবৃন্দ। শ্রী কর বলেন শিক্ষা আন্দোলন, বিশেষ করে উপজাতি সমাজের মধ্যে শিক্ষার প্রসারের জন্য বিশেষ ভাবে জনশিক্ষা সমিতি গঠন করা হয়েছিল। পরবর্তী সময়ে গণমুক্তি পরিষদ এবং উপজাতি গণমুক্তি পরিষদ প্রতিষ্ঠা করা হয়।

তিনি বলেন, শিক্ষা ছাড়া কোনো জাতি বিকশিত হতে পারে না। আজ জিএমপি, টিওয়াইএফ, টিএসইউ কৃষ্ণনগর লোকাল কমিটির উদ্যোগে আগরতলা কর্নেল চৌমুহনি এলাকায় জনশিক্ষা সমিতির প্রতিষ্ঠা দিবস পালন করা হয়। উপস্থিত ছিলেন জিএমপির কেন্দ্রীয় কমিটির সদস্য প্রাক্তন মন্ত্রী নরেশচন্দ্র জমাতিয়া, সিপিআইএম নেতা অমল চক্রবর্তী সহ অন্যান্যরা।

*****************************

**Khowai BJP :**

প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত অটলবিহারী বাজপেয়ীর জন্ম শতবর্ষ উপলক্ষে আজ বিজেপির খোয়াই জেলা কার্যালয়ে অটলবিহারী বাজপেয়ীর জীবন নিয়ে এক চিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপির সাধারণ সম্পাদক অমিত রক্ষিত, বিধায়ক পিনাকী দাস চৌধুরী সহ জেলা ও মন্ডলের নেতৃবৃন্দ। জেলা কার্যালয়ে এই উপলক্ষে বৃক্ষরোপণ ও করা হয়। বিকেলে লালছড়া এলাকায় প্রবীণ নাগরিকদের সংবর্ধনা প্রদান এবং দুঃস্থদের মধ্যে কম্বল বিতরণ করেন বিজেপি নেতৃবৃন্দ।

*****************************

**Bru, Training :**

শিল্প ও বাণিজ্য দপ্তরের অধীন দক্ষতা উন্নয়ন বিষয়ক অধিকর্তা মোহাম্মদ সাজ্জাদ জানিয়েছেন চলতি অর্থ বছরে রাজ্যের ১০৯ জন ব্রু পুনর্বাসন কারীকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। আরো ২০০ জনকে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। তিনি বলেন দপ্তরের

লক্ষ্য হল, এইরকম ৪৩০ জনকে বিভিন্ন বিষয়ের প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ তৈরি করে দেওয়া। তিনি বলেন রাজস্ব দপ্তরের অর্থনুকূল্যে ড্রাইভিং, মাশরুম চাষ, ট্রেইলারিং ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

*****************************

**Sadar 13 Cricket :**

টিসিএ পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার আজ চারটি খেলা হয়। এতে নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে চাম্পামুড়া কোচিং সেন্টার ৯১ রানে শতদল সংঘ কোচিং সেন্টারকে, নেপকো মাঠে তরুন সংঘ কোচিং সেন্টার ১২৪ রানে দশমীঘাট কোচিং সেন্টারকে, বি কে এন ভি মাঠে এগিয়ে চলো সংঘ ৬ রানে জুয়েলস কোচিং সেন্টারকে এবং আম্বেদকর স্কুল মাঠে এ ডি নগর কোচিং সেন্টার ২৩৭ রানে পোলস্টার ক্লাবকে পরাজিত করে।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২.২ ডিগ্রি সেলসিয়াস।

***************************